

**একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত**  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়  
রংপুর সদর, রংপুর।

স্মারক নং- ৫১.০১.৮৫৪৯.০০০.০৪১.১৪.২৫.৪৬১

তারিখ: ২৫/০২/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৬, উপলক্ষ্যে ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তার জন্য উপকারভোগীদের তালিকা দাখিল প্রসংগে।

সূত্র নং- জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৮৫০০.০০০.৪১.০৪৬.২৬.৮৪,

তারিখ: ২৫-০২-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ভিজিএফ কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ- উল-ফিতর/২০২৬ উপলক্ষ্যে রংপুর সদর উপজেলায় অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য ১০ (দশ) কেজি হারে মানবিক সহায়তা হিসেবে প্রদানের লক্ষ্যে ১২,৩০২ টি কার্ডের বিপরীতে ১২৩.০২০ মে: টন (চাল) খাদ্যশস্য চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। জনসংখ্যা অনুযায়ী ইউনিয়নওয়ারী কার্ডের বিবরণ নিম্নরূপ:

ক্র:নং	ইউনিয়ন	কার্ড সংখ্যা
০১	মমিনপুর	২৯৯০
০২	হরিদেবপুর	৩৪৩০
০৩	চন্দনপাট	৩১৫০
০৪	সদ্যপুস্করনী	৩৬৯০
০৫	খলোয়া	২৩৭৯
	মোট=	১৫৬৩৯টি

শর্তাবলী:

- ১। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে।
  - (ক) বাংলাদেশ পরিসংখ্যান বুরোর ২০১৬ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন: বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে।
  - (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।
  - (গ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুসরণ পূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপকারভোগীর তালিকা নির্ধারিত ছক অনুযায়ী প্রণয়ন পূর্বক কম্পিউটার কম্পোজ করে ০৩ (তিন) প্রস্থ তালিকা এবং সংশ্লিষ্ট কমিটির হাজিরা শীটসহ রেজুলেশন আপগামী ০৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যেই বিনাব্যর্থতায় অত্র কার্যালয়ে দাখিল করে উপজেলা কমিটির অনুমোদন গ্রহণ পূর্বক বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) ০৯/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে।
  - (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবারে দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবারে মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল।
৭. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৮. যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পরেছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু-বেলা খাবার পায় না।

৫

- (ঘ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- (ঙ) ভিজিএফ তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর খাদ্যশস্য বরাদ্দ না পায়।
- ৩। মঞ্জুরীকৃত খাদ্যশস্য নিম্নবর্ণিত শর্তাবলী পালন পূর্বক বিলি বন্টন করতে হবে :
- (ক) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্ত নিশ্চিত করতে হবে।
- (খ) বিতরণ শেষে ব্যয়ের মাস্টাররোলার কপি ও বিতরণের প্রত্যয়ন অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (গ) বরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

ছক

ক্র:নং	উপকারভোগীর নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা	ওয়ার্ড নং	আইডি নং	উপকারভোগীর ধরন	লিঙ্গ	মন্তব্য

প্রশাসক/চেয়ারম্যান  
মমিনপুর/হরিদেবপুর/চন্দনপাট/সদ্যপুঞ্জরীনি/খালেয়া ইউ,পি  
রংপুর সদর, রংপুর।

*Signature*  
০৩/০৬/২০২৬

সাইফুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
রংপুর সদর, রংপুর  
ও  
সভাপতি  
মানবিক সহায়তা কর্মসূচি

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩।
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। জেলা গ্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রংপুর।
- ৪। নোটিশ বোর্ড।
- ৩। অফিস নথি।